কুষ্টিয়ায় প্রধানমন্ত্রীর উদ্বোধনের অপেক্ষায় নবনির্মিত শিল্পকলা ভবন

কুষ্টিয়ায় অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত নবনির্মিত জেলা শিল্পকলা একাডেমি ভবন এখন প্রধানমন্ত্রীর উদ্বোধনের অপেক্ষায় প্রহর গুনছে।

আগামীকাল বুধবার সকাল ১১টায় গণভবন থেকে ভার্চ্যুয়াল মাধ্যমে কুষ্টিয়া-সহ দেশের ৮টি শিল্পকলা একাডেমি ভবন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

উদ্বোধনী অনুষ্ঠানে গণভবন ছাড়াও বাংলাদেশ শিল্পকলা একাডেমি মিলনায়তন ও নারায়ণগঞ্জ, জামালপুর, মৌলভীবাজার, পাবনা, রংপুর, খুলনা, মানিকগঞ্জ ও কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয় থেকে বিভিন্ন সরকারি, বেসরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতারা, সাংস্কৃতিক ব্যক্তি ও শিল্পীরা সংযুক্ত থাকবেন।

কুষ্টিয়ার জেলা প্রশাসক ও জেলা শিল্পকলা একাডেমির সভাপতি মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারন সম্পাদক আজগর আলী, সহসভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, কুষ্টিয়া পৌরসভার মেয়র আনোয়ার আলী, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, সহসভাপতি আশরাফ উদ্দিন নজু, যুগ্ম সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম রবি, শাহীন সরকার, জেলা কালচারাল অফিসার সুজন রহমান, সহ সংশ্লিষ্টরা উপস্থিত থাকবেন।

অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত এ শিল্পকলা একাডেমির উদ্বোধন ঘিরে আনন্দে উদ্বেলিত এখানকার শিল্পী-কলাকুশলী ও সংগঠকরা। এখন নির্মাণ কাজ শেষে শুধুই আনুষ্ঠানিক উদ্বোধনের অপেক্ষা।

সাংস্কৃতিক চর্চা বিশ্ব দরবারে ব্যাপক পরিচিতি লাভ করতেই কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী নির্মাণ করা হয়েছে। সর্বস্তরে সংস্কৃতির আলো ছড়িয়ে দিতে এবং শিল্প ও সাংস্কৃতিক চর্চা

বাড়ানোর জন্যই ২০১৭ সালের জুলাই মাসে তৎকালীন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ঢাকার পরেই কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির অবস্থান এটি।

শিল্পকলা একাডেমীতে থাকছে ৩টি অত্যাধুনিক অডিটোরিয়াম। এর মধ্যে রয়েছে অত্যাধুনিক ফিক্স অডিটোরিয়াম, মাল্টিপারপাস অডিটোরিয়াম এবং এরিনা মঞ্চ। ভবনের বিভিন্ন তলায় শ্রেণি কক্ষ, অফিস কক্ষ, প্রশিক্ষক কক্ষসহ অন্যান্য কক্ষ রয়েছে।

এ ছাড়া সর্বাধুনিক সাউন্ড সিস্টেমসহ নানা সুযোগ-সুবিধা রয়েছে। বিশাল পরিসরের এই শিল্পকলা একাডেমিতে প্রবেশ করতেই নজর কাড়বে দৃষ্টিনন্দন এই ভবনটি। ভবনটির নির্মাণ কাজ শেষ হওয়ার পর কয়েকবার পরীক্ষণমূলক কার্যক্রমও পরিচালনা করা হয়েছে।

জেলা কালচারাল অফিসার সুজন রহমান বলেন, সংস্কৃতি মন্ত্রনালয়ের অর্থায়নে ৩৭ কোটি টাকা ব্যয়ে নির্মিত এ শিল্পকলা একাডেমী ২০১৭ সালের জুলাই মাসে তৎকালীন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এক একর জায়গার ওপর নির্মিত হবে এই কমপ্লেক্স ভবন। বাংলাদেশের মধ্যে এটিই সেরা অত্যাধুনিক কমপ্লেক্স শিল্পকলা একাডেমী ভবন।

ভেড়ামারায় জিকে সেচ প্রকল্পের খালে প্রকৌশলীর লাশ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারার গঙ্গা-কপোতাক্ষ (জিকে) সেচ প্রকল্পের প্রধান খাল থেকে গোলাম সরোয়ার মিঠুন (৩৫) নামের এক প্রকৌশলীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার বেলা ৩টার দিকে জিকে সেচ প্রকল্পের প্রধান খালের ভেড়ামারা ষোলদাগস্থ স্থান থেকে এ মরদেহ উদ্ধার করা হয়।
মিঠুন ভেড়ামারা উপজেলার মহারাজপুর গ্রামের গোলাম রব্বানীর ছেলে। তিনি একজন বিএসসি ইঞ্জিনিয়ার ছিলেন। তবে পরিবারের দাবি, কিছুদিন ধরে তিনি মানসিক ভারসাম্যহীন ছিলেন।

পরিবারের বরাত দিয়ে ভেড়ামারা থানার ওসি (তদন্ত) নান্নু খান জানান, বিকেলে স্থানীয়রা সেচ খালের পানিতে মরদেহটি দেখে পুলিশে খবর দেয়। পুলিশ ঘটনাস্থল থেকে মিঠুন নামের ওই ব্যক্তির মরদেহ উদ্ধার করে। তার পরিবারের ভাষ্যমতে, কিছুদিন ধরে তিনি মানসিক ভারসাম্যহীন ছিলেন। মানসিক হাসপাতালসহ বিভিন্ন স্থানে চিকিৎসা করা হয়। গত দুইদিন ধরে বাড়ি থেকে নিখোঁজ ছিলেন মিঠুন।

লালন শাহ সেতুর নিকট যাত্রী ছাউনী জামে মসজিদের ইমাম আব্দুর রশিদ জানান, গত দুইদিন ধরে মিঠুন উক্ত মসজিদে অবস্থান করছিল। মঙ্গলবার যোহরের নামাজের পর জিকে ক্যানালের ১ নং ব্রিজের কাছে গোসল করতে যায়। পরে মরদেহ ভেসে উঠে।

কুষ্টিয়ার অতিরিক্ত সুলিশ সুপার (ভেড়ামারা-দৌলতপুর সার্কেল) ইয়াসির আরাফাত জানান, খালে গোসল করতে গিয়ে হয়তো ডুবে মারা গিয়েছে। তার মানসিক সমস্যা ছিল এবং সাঁতার জানতো না বলে জানা গেছে।

কুষ্টিয়ায় জিয়াউর রহমানের ম্যুরালে কালি, পাল্টাপাল্টি কর্মসূচি

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলা পরিষদের সামনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পাশে থাকা জিয়াউর রহমানের ম্যুরাল অপসারণ করার দাবি উঠেছে।

এই দাবিতে জিয়াউর রহমানের ছবিতে কালো কালি দিয়ে ক্রস চিহ্ন এঁকে দিয়েছে মুক্তিযুদ্ধ মঞ্চ। তারা জিয়াউর রহমানের ম্যুরাল অপসারণের দাবিতে মানববন্ধনও করেছে। উল্টোদিকে জিয়াউর রহমানকে অসম্মান করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রদল।

জানা গেছে, ২০০৪-০৫ অর্থবছরে বিএনপি জোট সরকারের আমলে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলা পরিষদের সামনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও

তার পাশে জিয়াউর রহমানের ম্যুরাল নির্মাণ করা হয়।

প্রায় দেড় যুগ পর বিভিন্ন সংবাদমাধ্যমে সংবাদ প্রকাশের পর গত রোববার দুপুর সাড়ে ১২টার দিকে বাংলাদেশ মুক্তিযুদ্ধ মঞ্চ কুষ্টিয়া জেলা শাখার কর্মীরা জিয়াউর রহমানের ম্যুরালে (ছবিতে) ক্রস কালো চিহ্ন দিয়ে দেয়।

এ ছাড়া গত সোমবার দুপুর ১২টায় কুষ্টিয়া শহরের এনএস রোডে বঙ্গবন্ধু সুপার মার্কেটের সামনে তারা মানববন্ধন করে। এখানে বাংলাদেশ মুক্তিযুদ্ধ মঞ্চ কেন্দ্রীয় কমিটির সহসভাপতি হাসিবুর রহমান রিজু, কুষ্টিয়া জেলা শাখার সভাপতি নজরুল ইসলাম প্রধান, সাধারণ সম্পাদক আরিফুজ্জামান খান বক্তব্য দেন।

ঘণ্টাব্যাপী চলা মানববন্ধন থেকে জিয়াউর রহমানের ম্যুরাল অপসারণে ২৪ ঘণ্টা সময় বেঁধে দেওয়া হয়। না হলে আরও কঠোর আন্দোলনের ঘোষণা দেন নেতাকর্মীরা।

পরে একই দাবিতে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেন তারা। এদিকে জিয়াউর রহমানকে অসম্মান করার প্রতিবাদে সোমবার সন্ধ্যার পর কুষ্টিয়া শহরের এনএস রোডে কুষ্টিয়া জেলা ও শহর ছাত্রদল বিক্ষোভ মিছিল বের করে। জেলা ছাত্রদলের আহ্বায়ক মোজাক্কির রহমান রাব্বী ও সদস্য সচিব খন্দকার নিশাদ মিছিলে নেতৃত্ব দেন।

জিয়াউর রহমানের ছবিতে কালো কালি দিয়ে অবমাননা করার প্রতিবাদে মশাল মিছিল হয়েছে কুষ্টিয়ার দৌলতপুর এবং প্রতিবাদ হয়েছে ভেড়ামারাতেও।

এ বিষয়ে কুষ্টিয়া-২ (ভেড়ামারা-মিরপুর) আসনের সংসদ সদস্য জাসদ সভাপতি হাসানুল হক ইনু বলেন, অনেক স্থানে এমন ভুল ভ্রান্তি রয়েছে। সেগুলো সংশোধন করার চেষ্টা করা হচ্ছে। ভেড়ামারার বিষয়টিও আমরা দেখব।

কুষ্টিয়ায় সেমাই তৈরিতে ব্যস্ত শ্রমিকরা

ঈদের মত মহোৎসবে সেমাইয়ের যেন বিকল্প নেই। দেশের বিভিন্ন স্থানে সেমাই তৈরি হলেও কুষ্টিয়া এর জন্য সুখ্যাত। আসন্ন ঈদুল ফিতরকে সামনে রেখে তাই মহাব্যস্ত স্থানীয় সেমাই কারখানাগুলোর শ্রমিকরা।

কুষ্টিয়ার বিভিন্ন সেমাই কারখানা ঘুরে দেখা গেছে, ময়দা মাখানো, মেশিনের মাধ্যমে মিশ্রণ তৈরি করা, অতঃপর সেমাই তৈরি করে রোদে শুকানোর কাজে ব্যস্ত শ্রমিকরা। ঈদ যতই কাছে আসছে, তাদের ব্যস্ততা যেন ততই বাড়ছে। সময়মত সেমাই সরবরাহ করতে হবে তাদের।

কুষ্টিয়ার সাদা সেমাইয়ের ব্যাপক চাহিদা থাকায় বিভিন্ন জেলায় বিক্রি হয়। রমজান মাস যত শেষ হয়ে যাচ্ছে ততই এই সেমাই বিক্রির পরিমাণ বেড়ে যাচ্ছে। সেমাই বেচাকেনা নিয়ে পাইকারি ব্যবসায়ীরাও আড়তে ব্যস্ত হয়ে পড়েছেন।

কুষ্টিয়ার বিখ্যাত সাদা সেমাই ঈদ উপলক্ষে বিপুল পরিমাণে উৎপাদিত হচ্ছে। দম ফেলানোর যেন ফুরসত নেই শ্রমিকদের। উন্নতমানের সেমাই তৈরির চ্যালেঞ্জ রয়েছে তাদের।

তবে, অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে সেমাই তৈরির অভিযোগ আছে অনেক কারখানার বিরুদ্ধে। এমনকি বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশনের (বিএসটিআই) অনুমোদন না থাকারও অভিযোগ পাওয়া গেছে অনেকগুলো কারখানার বিরুদ্ধে।

জেলাটিতে ১৭টি সেমাই কারখানা রয়েছে। এসব কারখানায় কোনো কেমিক্যাল ব্যবহার না করেই স্বাস্থ্যসম্মতভাবে সেমাই তৈরি করা হচ্ছে বলে দাবি ব্যবসায়ীদের।

তবে সরেজমিনে গিয়ে দেখা গেছে, শহরের অলিগলিতে অস্থায়ী কারখানায় দিনরাত চলছে সেমাই তৈরির কাজ। বেশি মুনাফার আশায় নোংরা ও অপরিষ্কার কারখানায় কারিগররাও অপরিচ্ছন্নভাবে কাজ করছেন। তাছাড়া খোলা স্থানে শুকানো হচ্ছে সেমাই। যেখানে কাক বা অন্য পাখির অবাধ বিচরণ রয়েছে।

কুষ্টিয়া খাদ্য শিল্প মালিক সমিতির সাধারণ বিল্লাল হোসেন বলেন,

জেলার চাহিদা মিটিয়ে এখানকার সেমাই আশপাশের জেলাগুলোতেও সরবরাহ করা হয়ে থাকে। প্রতিদিন দুই থেকে তিনশ’ মণ সেমাই উৎপাদন করা হচ্ছে। এখন আবহাওয়া ভালো থাকলেও মাঝে মাঝে বৃষ্টির কারণে উৎপাদন ব্যহত হচ্ছে। এদিকে কুষ্টিয়ার সেমাই কারখানাগুলোতে নোংরা অপরিচ্ছন্ন পরিবেশের মধ্যে তৈরি সেমাই কতটা স্বাস্থ্যসম্মত সেটাই দেখার বিষয়।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম জানান, পবিত্র রমজান উপলক্ষ্যে যাতে জেলার কোথাও ভেজাল খাদ্য বিক্রি বা দ্রব্য মূল্যের উর্ধ্বগতি না হয় সে দিকে জেলা প্রশাসনের পক্ষ থেকে কঠোর নজরদারী করা হচ্ছে। সেমাই কারখানাগুলোতে শীঘ্রই অভিযান শুরু হবে।

ফুটন্ত সূর্যমুখী কুষ্টিয়া শহরের সৌন্দর্য বৃদ্ধি করেছে

কুষ্টিয়া শহরের এনএস রোডের সড়ক বিভাজনের মাঝে সূর্যমুখী ফুলের বীজ বপন করে আলোড়ন সৃষ্টি করেছে। এর মুল নায়ক কুষ্টিয়া জেলা ছাত্রলীগ কর্মী ইন্তাদুল হক পাপ্পু। তার বাড়ী মিরপুর উপজেলার আমলা এলাকায়।

কৃষক বাবার মাঠের জমিতে সূর্যমুখী চাষে অভিভূত হয়ে তিনি কুষ্টিয়া শহরের এই সড়ক বিভাজনের মাঝে সূর্যমুখী ফুলের বীজ রোপণের উদ্যোগ নেন। এরপর মাস দুয়েক আগে তিনি আধা কেজি সূর্যমুখী বীজের চারা রোপন করেন।

সেই বীজ অঙ্কুরোদগম হয়ে এই দুই মাসে প্রস্ফুটিত হয়ে হলুদাভ ফুল ফুটতে শুরু করেছে। সূর্যমুখী ফুলের জন্য রাস্তাটি সৌন্দর্য বাড়িয়েছে, এছাড়া প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষার্থে সহযোগিতা করছে এই ফুল গাছগুলো। সারি সারি সূর্যমুখী ফুলের হলুদ রঙে মন ছুঁয়ে যাচ্ছে চলাচল রতপথচারী ও ব্যবসায়ীদের।

রাতে যেমন আইল্যান্ডের আলোতে রাস্তাটিকে আলোকিত করে ঠিক তেমনি

দিনের বেলায় সূর্যমুখী ফুলের হলুদ রঙে সৌন্দর্যটা বহুগুণ বাড়িয়ে দেয়।

এন এস রোডের মৌবনের সামনে ছবি তুলছিলেন মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আনজুম জনী। তিনি জানান, সড়কের মাঝে সূর্যমুখী ফুল গুলো ফুটে থাকে যা দেখে অনেক ভালো লাগে। তাই ছবি তোলার লোভ সামলাতে পারলাম না।

কুষ্টিয়া সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি স্বপন হোসেন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গ করে ছাত্রলীগ কর্মী ইন্তাদুল হক পাপ্পু যে সূর্যমুখী ফুল গাছ লাগিয়েছে এর থেকে বোঝা যায় জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতি তার কতটা ভালোবাসা রয়েছে। কুষ্টিয়া জেলা ছাত্রলীগ কর্মী পাপ্পুর প্রতি রইল ভালোবাসা।

কুষ্টিয়া জেলা ছাত্রলীগ কর্মী ইন্তাদুল হক পাপ্পু জানান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গ করে সূর্যমুখী ফুলের বীজ বপন করেছিলাম এন.এস রোডে যা আজ ফুল ফুটে রাস্তাটির সৌন্দর্য বাড়িয়েছে।

কুষ্টিয়া পৌরসভা কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি সূর্যমুখী ফুলগুলোর সঠিক পরিচর্যা করার জন্য, আগামীতেও আমার এ ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে। উল্লেখ্য, সামাজিক ভারসাম্য রক্ষার্থে নিয়মিত গাছ লাগানোর কর্মসূচি অব্যাহত রেখেছেন এই ছাত্রলীগ কর্মী।

কুষ্টিয়া পৌরসভার পরিকল্পনাবিদ রানভীর আহমেদ বলেন, শহরের সৌন্দর্য বৃদ্ধি করেছে এই এনএস সড়ক বিভাজনের মাঝে থাকা ফুটন্ত সূর্যমুখী ফুলগুলো।

আমরা অন্য ফুল গাছ লাগানোর পরিকল্পনা করেছিলাম এবং কিছু রোপন যদিও করেছিলাম তবে এই সূর্যমুখী ফুল রোপণ করা হয়েছে জেনে আমরা গাছগুলোতে নিয়মিত পানি দেওয়াসহ পরিচর্যা করেছি।

কুষ্টিয়ায় ইউনিলিভারের “দোস্তি পার্টনার মিলন মেলা” অনুষ্ঠিত

কুষ্টিয়ায় ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড এর পক্ষ থেকে “দোস্তি পার্টনার মিলন মেলা” অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকেলে শহরের খেয়া রেস্তোরাঁয় এ মিলন মেলা অনুষ্ঠিত হয়।

জেলার পাইকারি ব্যবসায়ীদের সমন্বয়ে এ মিলন মেলায় সভাপতিত্ব করেন ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড এর কুষ্টিয়ার পরিবেশক মেসার্স গ্রীণ এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী অজয় সুরেকা।

ইউনিলিভারের বিভিন্ন পণ্যের গুনগত মান নিয়ে নানান বিষয়ে আলোচনা করেন ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড এর কুষ্টিয়া সেলসের এরিয়া টেরিটরি সেলস ম্যানেজার টিএম তানজিমুল হক ও এরিয়া সেলস ম্যানেজার আসিফ আলম বিপুল ও পরিবেশক রাজেশ সুরেকা প্রমুখ।

মিলনমেলা শেষে র্যাফেল ড্র ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়। এরপর ইফতার ও দোয়া মাহফিল শেষে নৈশভোজে অংশ নেন ব্যবসায়ীরা।

নববর্ষ উদযাপন উপলক্ষে কুষ্টিয়ায় প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় নববর্ষ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশিষ্টজনের অংশগ্রহনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক মৃনাল কান্তি দে, অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট মোছাঃ নাসরিন বানু, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক শারমিন আখতার, অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব সিরাজুল ইসলাম, কুষ্টিয়া প্রেসক্লাব কেপিসি ও সাংবাদিক ইউনিয়ন কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রাশেদুল ইসলাম বিপ্লব। এছাড়া প্যানেল মেয়র, জেলা সমাজ সেবা কর্মকর্তা সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার গুরুত্বপূর্ণ বক্তব্য বলেন, পহেলা বৈশাখ বাঙালি জাতির জন্য ঐতিহ্য। মাহে রমজানের গুরুত্ব ও পবিত্রতা রক্ষা করতে হবে এবং আমাদের বাঙালি ঐতিহ্যবাহী দিনটি পালন করতে হবে। সকাল সাড়ে আট টায় শোভাযাত্রা। স্কুলের শিক্ষার্থীদের জন্য কুইজ প্রতিযোগিতা সহ আরও অনেক ইভেন্ট শেষে পুরস্কার প্রদান করা হবে।

কুষ্টিয়ায় নকল লেবেল যুক্ত বিপুল পরিমাণ লুঙ্গিসহ আটক ১

কুষ্টিয়ার কুমারখালী কাপড়ের হাট থেকে বিভিন্ন কোম্পানির বিপুল পরিমাণ নকল লেবেলসহ একজনকে আটক করেছে সিআইডি পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে ঐতিহ্যবাহী কুমারখালী কাপড়ের হাটের একটি দোকানে অভিযান চালায় সিআইডি।

সেখানে শাহ্ আমানত লুঙ্গীর নকল লেবেল বিক্রির সময় ব্যবসায়ী আরজুকে আটক করে সিআইডি পুলিশ। অভিযানে শাহ্ আমানত লুঙ্গিসহ বিভিন্ন কোম্পানির অন্তত ২০ হাজার নকল লেবেল পাওয়া যায় তার কাছে। এসব লেবেল সাধারণ কাপড়ের গায়ে লাগিয়ে ভোক্তাদের সঙ্গে দীর্ঘদিন ধরে প্রতারণা করে আসছে একটি চক্র।

অভিযান পরিচালনাকারী সিআইডি’র ইন্সপেক্টর হারুন অর রশীদ জানান, দীর্ঘদিন ধরে একটি চক্র নকল লেবেল লাগিয়ে ক্রেতাদের সাথে প্রতারণা করে আসছিল। এমন সংবাদের ভিত্তিতে তাঁরা এ অভিযান চালায়।

সিআইডি আরো জানায়, এই চক্রের সঙ্গে শুধু গ্রেপ্তারকৃত আরজু নয়; আরো অনেকেই জড়িত। এর সঙ্গে যে বা যারা জড়িত রয়েছে তাদেরকেও চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে বলে সিআইডির পক্ষ থেকে জানানো হয়েছে।

কুষ্টিয়ায় ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ী গ্রেফতার হয়েছে। বৃহস্পতিবার দুপুরে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানিয়েছে র্যাব।

র্যাব জানান, কুষ্টিয়া র্যাব ক্যাম্পের একটি দল গত বুধবার রাত ৯টার সময় কুষ্টিয়া শহরের গোশালা রোডে একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযানে ৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ৮ হাজার টাকা।

এ সময় কুষ্টিয়া শহরের পশ্চিম মজমপুর এলাকার বাসিন্দা মো. আব্দুস সাত্তার মালিথার ছেলে মো. আসাদুজ্জামান (৩৮) কে গ্রেফতার করা হয়।

পরে গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে কুষ্টিয়া সদর থানায় সোপর্দ করে মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ার ভেড়ামারায়

অটোরিকশার ধাক্কায় শিশু মৃত্যু

কুষ্টিয়ার ভেড়ামারায় অটোরিকশার ধাক্কায় শেফালী (৫) নামের এক কন্যা শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় ভেড়ামারা উপজেলার চাঁদগ্রাম ইউনিয়নের চন্ডিপুর পশ্চিম পাড়ায় এ ঘটনা ঘটে।

নিহত শেফালী চন্ডিপুর পশ্চিম পাড়ার আরশেদ আলীর মেয়ে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, চন্ডিপুর পশ্চিম পাড়ায় বাড়ির সামনের রাস্তায় মায়ের সাথে মেয়ে শেফালী দাঁড়িয়েছিল।

হঠাৎ সে মায়ের হাত থেকে ছুট দিয়ে দিয়ে রাস্তা পার হতে যায়। এমন সময় বিপরীত দিক থেকে আসা একটি অটোরিকশা তাকে স্বজোরে ধাক্কা দেয়। এসময় সড়কের উপর ছিটকে পড়ে শিশুটি। এতে সে গুরুত্বর আহত হয়।

পরে স্থানীয়রা উদ্ধার করে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
স্থানীয় ইউপি সদস্য মো. শান্তি বলেন, মায়ের হাত ধরে শেফালী দাঁড়িয়েছিল।

এক পর্যায়ে সে মায়ের হাত ছেড়ে ছুটে রাস্তার ওপর চলে যায়। সেসময় রাস্তা দিয়ে আসা অটোরিকশার ধাক্কা লেগে ছিটকে পড়ে শেফালী। শেফালীর মৃত্যুতে পরিবারসহ গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

বিষয়টি নিশ্চিত করে ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মজিবুর রহমান বলেন, পরিবারের পক্ষ থেকে কোনও অভিযোগ না থাকায় মরদেহ তাদের কাছে হস্তান্তর করা হয়েছে।